# এক নজরে গণগ্রন্থাগার অধিদপ্তর (১৪-০২-২০২৩)

## সংক্ষিপ্ত পরিচিতি

গণগ্রন্থাগার অধিদপ্তর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি সরকারি প্রতিষ্ঠান। সাধারণত এখানে সরকারের একজন উর্ধ্বতন কর্মকর্তা মহাপরিচালক (অতিরিক্ত সচিব) হিসেবে নিয়োজিত থাকেন। ১৯৫৮ সালে শিক্ষা মন্ত্রণালয়ের সংস্কৃতি বিভাগের অধীন ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় 'বাংলাদেশ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি'র যাত্রা শুরু হয়। ১৯৭৮ সালে এটি বর্তমান স্থানে স্থানান্তরিত হয়। পরবর্তীতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীনে ১৯৮৩ সালে এটিকে অধিদপ্তর হিসেবে প্রতিষ্ঠা করা হয়।

## অধিদপ্তরের কার্যক্রম

দেশে গণগ্রন্থাগার পরিচালনা, তত্ত্বাবধান ও ব্যবস্থাপনার সার্বিক দায়িত্ব গণগ্রন্থাগার অধিদপ্তরের ওপর অর্পিত। এ অধিদপ্তর দেশব্যাপী ৭১ টি সরকারি গণগ্রন্থাগারের মাধ্যমে সর্বস্তরের পাঠকদের পাঠকসেবা প্রদান, অর্জিত শিক্ষার সংরক্ষণ ও সম্প্রসারণ, জীবনব্যাপী স্ব-শিক্ষার সুবিধা প্রদান, সামাজিক চেতনা ও মূল্যবোধের বিকাশ, অপসংস্কৃতির বিপরীতে সুস্থ সাংস্কৃতিক চর্চার সুযোগ সৃষ্টি এবং অনানুষ্ঠানিক শিক্ষায় সহায়তা প্রদানের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন তথা দেশের আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়নে গুরত্বপূর্ণ ভুমিকা পালন করছে এবং গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারে রবি এর মাধ্যমে সর্বস্তরের পাঠকদের ইন্টারনেট সেবা প্রদান করা হচ্ছে। এছাড়াও বিভাগীয় পর্যায়ও ইন্টারনেট সেবা প্রদান করা হচ্ছে। জেলা পর্যায় পর্যন্ত পাঠকক্ষে ইন্টারনেট সেবা প্রদান করা হচ্ছে।

০১. গণগ্রন্থাগার অধিদপ্তরের আওতাধীন সরকারি গ্রন্থাগারের সংখ্যা : ৭১ টি

| | |
|---|---|
| সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার | ০১টি ( ঢাকায়) |
| | |
| বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার | ০৭টি ( চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল , সিলেট,রংপুর, ময়মনসিংহ) |
| | |
| জেলা সরকারি গণগ্রন্থাগার | ৫৬টি ( প্রতিটি জেলা সদরে) |
| | |
| উপজেলা সরকারি গণগ্রন্থাগার | ০২টি ( জামালপুর জেলার দেওয়ানগঞ্জ ও বকশিগঞ্জ) |
| | |
| শাখা সরকারি গণগ্রন্থাগার | ০৪টি ( ঢাকায় ২টি, ময়মনসিংহ- ১টি ও রাজশাহীতে ১টি করে) |
| | |
| বিশেষ গণগ্রন্থাগার | ০১টি ( টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ )। |

০২. **নিজস্ব ভবনের সংখ্যা** - ৬৭ টি (সিপি এল/ বিভাগ/জেলা /উপজেলা/ বিশেষ গণগ্রন্থাগার)

০৩. **ভাড়া বাড়ির সংখ্যা - ০৪ টি ( শাখা সরকারি গণগ্রন্থাগার )**

০৪. **পুস্তকের সংখ্যা : ( জানুয়ারি - ২০২৩ )**

| নং | গ্রন্থাগারের নাম | পুস্তক (মজুদ অনুযায়ী) |
|---|---|---|
| ১। | ০১টি সুফিয়া কামাল | ২৫৭৩০৪ |
| ২। | ০৭ টি বিভাগ | ৫৫৪৪৪৯ |
| ৩। | ৫৬ টি জেলা | ১৮১৬৯৩৫ |
| ৪। | ২টি উপজেলা | ১৭৪২৩ |
| ৫। | ৪টি শাখা | ৪২২৫৯ |
| ৬। | ১টি বিশেষ | ৯২৩২ |
| মোট= | ৭১ টি গ্রন্থাগার | ২,৬৯,৭৬০২ |

**০৫. পাঠক উপস্থিতি: (জানুয়ারি: - ২০২৩ , মাসে দৈনিক গড়)**

| সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার | ৭টি বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার | ৫৬টি জেলা সরকারি গণগ্রন্থাগার | ০২টি উপজেলা সরকারি গণগ্রন্থাগার | ০২টি (আরমানিটোলা+মোহাম্মদ পুর) শাখা সরকারি গণগ্রন্থাগার (কর্মদিবস ২৩ দিন) | ০২টি (রাজশাহী সোনাদিঘী মোড়+ময়মনসিংহ বা.কৃ.বি.) শাখা সরকারি গণগ্রন্থাগার | **০১ টি বিশেষ গণগ্রন্থাগার** |
|---|---|---|---|---|---|---|
| ৩১ | ১১৫ | ৭১ | ৫০ | ৪২ | ৩৫ | ৮৪ |

**০৬. পত্র-পত্রিকা ও সাময়িকী: ( জানুয়ারি - ২০২৩ )**

| সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার | | ৭টি বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার (প্রতিটিতে) | | ৫৬টি জেলা সরকারি গণগ্রন্থাগার (প্রতিটিতে) | | ০২টি উপজেলা সরকারি গণগ্রন্থাগার (প্রতিটিতে) | | ০৪টি শাখা সরকারি গণগ্রন্থাগার (প্রতিটিতে) | | **০১ টি বিশেষ গণগ্রন্থাগার** | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| পত্রিকা | সাময়িকী | পত্রিকা | সাময়িকী | পত্রিকা | সাময়িকী | পত্রিকা | সাময়িকী | পত্রিকা | সাময়িকী | পত্রিকা | সাময়িকী |
| ১৩ | ০৬ | ১৩ | ০৯ | ১১ | ৬ | ০৮ | ২ | ৯ | ৪ | ০৯ | ০৪ |

**০৭. সেবা কার্যক্রম:**

(১) পাঠক সেবা (২) রেফারেন্স সেবা (৩) পুস্তক লেন-দেন সেবা (৪) ইন্টারনেট সেবা। (৫) ওয়াই ফাই সেবা

**০৮. প্রতিযোগিতা:**

বিভিন্ন জাতীয় দিবস উপলক্ষে দেশের সকল পর্যায়ের সরকারি গণগ্রন্থাগার প্রতিবছর মোট ০৮ টি অনুষ্ঠান/প্রতিযোগিতার আয়োজন করে থাকে-

| | | |
|---|---|---|
| ১। | ০৫ ফেব্রুয়ারি- | জাতীয় গ্রন্থাগার দিবস |
| ২। | ২১শে ফেব্রুয়ারী | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস । |
| ৩। | ১৭ই মার্চ- | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস । |
| ৪। | ২৬ই মার্চ- | মহান স্বাধীনতাও জাতীয় দিবস । |
| ৫। | ১লা বৈশাখ (১৪ এপ্রিল)- | বাংলা নববর্ষ । |
| ৬। | ২৫শে মে- | জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী । |
| ৭। | ১৫ই আগষ্ট- | জাতীয় শোক দিবস । |
| ৮। | ১৬ই ডিসেম্বর- | মহান বিজয় দিবস। |

**০৯. ওয়েব পোর্টাল ব্যবহার:**

গণগ্রন্থাগার অধিদপ্তরের নিজস্ব একটি ওয়েব পোর্টাল ( www.publiclibrary.gov.bd ) আছে যা জনসাধরণের জন্য উম্মুক্ত রয়েছে এবং ৬৪ টি সরকারি গণগ্রন্থাগারের স্ব স্ব ওয়েব পোর্টাল আছে। তাছাড়া গণগ্রন্থাগার অধিদপ্তরের নিজস্ব সফটওয়্যার ওয়েবসাইট (dpl.gov.bd) রয়েছে এর সেবা গুলো হলো: Online Monthly Report Software , Book Purchases Management System , Human Resource Management System এবং খরচের বিবরণী সফটওয়্যার রয়েছে।

**১০. জনবল : : ( জানুয়ারি - ২০২৩ )** নিচের স্মারণীতে দেখানো হলো-

**অধিদপ্তরের অনুমোদিত জনবল**

| কর্মকর্তা/কর্মচারী | অনুমোদিত পদ | কর্মরত | শূন্যপদ |
|---|---|---|---|
| ১ম শ্রেণী | ১০৫ | ৪৯ | ৫৬ |
| ২য় শ্রেণী | ৩৭ | ২৭ | ১০ |
| ৩য় শ্রেণী | ৩৬৭ | ১৬৪ | ২০৩ |
| ৪র্থ শ্রেণী | ৩১৪ | ১৮৯ | ১২৫ |
| **মোটঃ** | **৮২৩** | **৪২৯** | **৩৯৪** |

**১১. প্রশিক্ষণ কর্মসূচি:**

প্রতিবছর রাজস্ব বাজেট ও চলমান প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কর্মসূচি পরিচালিত হয়ে থাকে।

**১২. চলমান উন্নয়ন প্রকল্প:**

- ‘চট্রগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন’ **শীর্ষক প্রকল্প**
- ‘দেশব্যাপি ভ্রাম্যমান লাইব্রেরি **শীর্ষক প্রকল্প** ’
- ‘সরকারি গণগ্রন্থাগারসমূহের অনলাইন সেবা কাযক্রম সম্প্রসারণ’ **শীর্ষক প্রকল্প**
- ‘গণগ্রন্থাগার অধিদপ্তরের বহুতল ভবন স্থাপন নির্মাণ’ **শীর্ষক প্রকল্প**
- ‘শেখ লুৎফর রহমান গ্রন্থাগার ও গবেষণা কেন্দ্র নির্মাণ’